# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**25 MARCH 2026** **7:45—7:55**

---

(১) আসন্ন রাজ্য বিধানসভা নির্বাচনের জন্যে শাসক-বিরোধী উভয় পক্ষের প্রচার অভিযান তীব্রতর/ বরাক উপত্যকায়ও বিভিন্ন দলের প্রার্থীরা নিজেদের পালে হাওয়া তুলতে ব্যস্ত/

(২) রাজ্যে এপর্যন্ত ৭৮৬ জন প্রার্থীর মনোনয়ন পত্র বৈধ বলে বিবেচিত/ পাথারকান্দির বিজেপি প্রার্থী কৃষ্ণেন্দু পালের মনোনয়ন পত্রে কোনো সমস্যা নেই বলে শ্রীভূমি জেলার নির্বাচনী আধিকারিকের বিবৃতি/

(৩) সিঙ্গাপুরের করোনার্স আদালতের, জুবিন গর্গের আকস্মিকভাবে জলে ডুবেই মৃত্যু হয়েছে বলে চূড়ান্ত রায়দান/

এবং

(৪) প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার অধীনে গ্যাস সিলিন্ডার বুকিংয়ের সময়সীমা বাড়িয়ে ৪৫ দিন করা হয়েছে বলে প্রচারিত খবর কেন্দ্রীয় সরকারের অস্বীকার/

--------------------------------------------------------------------------------

বিধানসভা নির্বাচনের জন্য শাসক-বিরোধী উভয় পক্ষই প্রচার অভিযান ক্রমে তীব্র করে তুলছে । মুখ্যমন্ত্রী ও রাজ্য বিজেপির প্রবীণ নেতা ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ লামডিঙে দলীয় প্রার্থী শিবু মিশ্রের হয়ে প্রচারে অংশ নেন । তিনি হোজাইতে দলীয় প্রার্থী শিলাদিত্য দেবের হয়েও প্রচারে যোগ দেন । এর আগে ডঃ শর্মা বটদ্রবা বিধানসভা আসনে বিজয় সংকল্প সভায় অংশ নেন।

এদিকে বিজেপি ও কংগ্রেস দল প্রচারের জন্য ৪০ জন তারকা প্রচারকের নামের তালিকা প্রকাশ করেছে । সেই অনুসারে বিজেপির প্রবীণ নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র

মোদী আগামী পয়লা, পাঁচই এবং ছয়ই এপ্রিল রাজ্যে বিভিন্ন নির্বাচনী সভায় অংশ নেবেন । এদিকে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী ও বিজেপির  আরেক প্রবীণ নেতা অমিত শাহ্ আগামী ২৯শে মার্চ, দোসরা এপ্রিল এবং সাতই এপ্রিল রাজ্যে নির্বাচনী প্রচার চালাবেন । অনুরূপভাবে বিজেপির জাতীয় সভাপতি নীতিন নবীন আগামী ২৯ এবং ৩০শে মার্চ বেশকয়েকটি নির্বাচনী সভায় অংশ নেবেন বলে জানা গেছে ।

কংগ্রেসেরও বেশকয়েকজন তারকা প্রচারক নির্বাচনী প্রচারে রাজ্যে আসছেন । দলের জাতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গে, দলের নেতা রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী, জয়রাম রমেশ, শচীন পাইলট, ভূপেশ বাঘেলা সহ বহু প্রবীণ নেতা রাজ্যে নির্বাচনী প্রচার চালাবেন বলে দলীয় সূত্রে জানা গেছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও রাজনৈতিক দলগুলির প্রচার অভিযান ক্রমশঃ জোরদার হচ্ছে । আজ শ্রীভূমি জেলা বিজেপি কার্যালয়ে দলের জেলা সভাপতি সঞ্জীব বণিকের পৌরহিত্যে অনুষ্ঠিত দলের সাংগঠনিক সভায় দলীয় কর্মীদের উন্নয়নমূলক কাজ, কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের বিষয়ে জনসাধারণকে অবগত করে জনসাধারণের আস্থা অর্জনের প্রয়াস করার আহ্বান জানানো হয়েছে । পাথারকান্দি মন্ডল বিজেপি কার্যালয়ে আয়োজিত অনুরূপ সভায় বর্তমান মন্ত্রী এবং পাথারকান্দির বিজেপি প্রার্থী কৃষ্ণেন্দু পাল দলের আদর্শ ও উন্নয়নের লক্ষ্যে একসঙ্গে কাজ করে যেতে দলের নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন ।

এদিকে উত্তর করিমগঞ্জ  আসনে কংগ্রেস প্রার্থী জাকারিয়া আহমেদ আজ মালুয়া এলাকায় এক মত বিনিময় সভায় অংশগ্রহণ করেন । তিনি ওই এলাকার দলীয় কর্মী-সমর্থক এবং স্থানীয় জনসাধারণের সঙ্গে কথা বলে সংশ্লিষ্ট এলাকার রাস্তাঘাট, পানীয় জল, কর্মসংস্থান এবং উন্নয়ন সংক্রান্ত বিষয়গুলির উপর গুরুত্ব আরোপ করবেন বলে আশ্বাস দেন । তিনি ওই এলাকার সামগ্রিক উন্নয়নে দলীয় কর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করে যাওয়ার আহ্বান জানান ।

কাছাড় জেলার সাতটি আসনেও নির্বাচনী প্রচার অব্যাহত রয়েছে । বড়খলা আসনে কংগ্রেস প্রার্থী ডাঃ অমিত কালোয়ার ওই বিধানসভা আসনের বিভিন্ন এলাকায় প্রচার অভিযান তীব্র করে তুলেছেন । শিলচর আসনে বিজেপি প্রার্থী ডাঃ রাজদীপ রায় শিলচর শহরের শরৎপল্লী, রাঙ্গিরখাড়ি এলাকায় স্থনীয় জনসাধারণের সঙ্গে মত বিনিময় করেছেন । এদিকে এই আসনের কংগ্রেস প্রার্থী অভিজিৎ পাল আজ শিলচরের

আদালত চত্বরে সাধারণ মানুষের সঙ্গে জনসংযোগ স্থাপনের প্রয়াস করেন । উধারবন্দ আসনের বিজেপি প্রার্থী রাজদীপ গোয়ালা আজ আয়নাছড়া চাবাগানে দলীয় বিশেষ সাংগঠনিক সভা ও বিজয় সংকল্প অভিযানে অংশ নেন ।

হাইলাকান্দি জেলায়ও দুটি বিধানসভা আসনের প্রার্থীরা নিজেদের মতো করে প্রচার অভিযান শুরু করেছেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের মোট ১২৬ টি বিধানসভা কেন্দ্রের মধ্যে ১২৫ টি কেন্দ্রে মনোনয়নপত্র পরীক্ষা করার শেষে ৭৮৬ জন প্রার্থীর মনোনয়ন পত্র বৈধ বলে গ্রহণ করা হয়েছে । দুজন প্রার্থীর বিরুদ্ধে অভিযোগ-প্রতি অভিযোগের পরিপ্রেক্ষিতে গতকাল মনোনয়নপত্রের পরীক্ষা স্থগিত রাখা শোণিতপুর ঢেকিয়াজুলি কেন্দ্রের দুজন প্রার্থীরই মনোনয়ন বৈধ বলে ঘোষণা করা হয়েছে । অন্যদিকে  মনোনয়নের পরীক্ষা স্থগিত রাখা অনুসূচিত জাতির জন্য সংরক্ষিত বরপেটা কেন্দ্রে এই পরীক্ষা প্রক্রিয়া সম্পূর্ন হলেও এপর্যন্ত আনুষ্ঠানিক ঘোষনা করা হয়নি ।
মনোনয়ন পত্র প্রত্যাহারের সময় আগামীকাল বিকেল তিনটা পর্যন্ত নির্ধারন করা হয়েছে ।
বরাক উপত্যকার তিন জেলার মধ্যে কাছাড় ,শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার মনোনয়ন পত্র জমা পড়ার পরবর্তী পর্যায়ের সরকারী তথ্য অনুযায়ী কাছাড় জেলার ৪টি মনোনয়নপত্র বাতিল হয়েছে । এরমধ্যে বড়খলা আসনের দুটি ,সোনাই আসনের একটি এবং ধলাই আসনের একটি মনোনয়ন পত্র বাতিল হয়েছে বলে আমাদের শিলচরের সংবাদদাতা জানিয়েছেন । উল্লেখ্য বাতিল হওয়া মনোনয়নপত্রগুলির সবই নির্দল প্রার্থী । শ্রীভুমি জেলার চারটি বিধানসভা আসনে জমা পড়া ৫৯ জন প্রার্থীর মনোনয়নপত্রের মধ্যে চারজন প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলে ঘোষণা করা হয়েছে । গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ে মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার চারটি মনোনয়ন পত্র বাতিল বলে ঘোষণা করেন । এরমধ্যে দক্ষিণ করিমগঞ্জ আসনে তিনজন প্রার্থীর এবং পাথারকান্দি আসনে একজন প্রার্থীর মনোনয়নপত্র রয়েছে ।  বৈধ ঘোষণা করা প্রার্থীর মধ্যে ১২৩ উত্তর করিমগঞ্জ বিধানসভা আসনে ১৬ জন , ১২৪ দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা ২০ জন , ১২৫ পাথারকান্দি বিধানসভা আসনে ১০ জন ও ১২৬ রামকৃষ্ণ নগর বিধানসভা আসনে ৯ জন প্রার্থী রয়েছেন বলে আমাদের শ্রীভুমি জেলার সংবাদদাতা জানিয়েছেন ।

শ্রীভূমি জেলা নির্বাচন আধিকারিক প্রদীপ কুমার দ্বিবেদী এক প্রেস বার্তায় জানিয়েছেন যে ১২৫ নম্বর পাথারকান্দি বিধানসভা কেন্দ্রে দাখিল করা কৃষ্ণেন্দু পালের মনোনয়নপত্র যথাযথভাবে যাচাই করার পর গ্রহণ করা হয়েছে । উল্লেখ্য একাংশ সংবাদ মাধ্যমে প্রচার করা কৃষ্ণেন্দু পালের মনোনয়নপত্র বাতিলের খবর ভুল ও বিভ্রান্তিকর বলে বিবৃতিতে জানানো হয়েছে ।

এদিকে মনোনয়ন জমা দেবার পর্ব শেষ হবার পর হাইলাকান্দি জেলার ১২১ নম্বর হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রে মনোনয়ন জমা দেওয়া মোট ১২ জন প্রার্থীরই কাগজপত্র যাচাই করার পর বৈধ বলে ঘোষণ করা হয়েছ । অন্যদিকে ১২২ নম্বর আলগাপুর-কাটলীছড়া জমা পড়া ২০ টি মনোনয়নপত্রের পরীক্ষা শেষে তিনটি বাতিল করা হয়েছে বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

সিঙ্গাপুরের করোনার্স আদালত আসামের জনপ্রিয় শিল্পী জুবিন গর্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে রায়দান করে এই শিল্পীর আকস্মিকভাবে জলে ডুবেই মৃত্যু হয়েছিল বলে প্রকাশ করেছে । এই ঘটনাকে হত্যাকান্ড বলে অভিহিত করার মতো কোনোধরণের তথ্য-প্রমাণ পাওয়া যায়নি বলে উল্লেখ করে আদালত এই রায়ে জুবিন গর্গের মৃত্যু দুর্ভাগ্যজনক এবং আকস্মিক বলে আখ্যা দিয়েছে । এই শিল্পীর মৃত্যু ষড়যন্ত্রের ফলে সংঘটিত হয়েছে বলে উত্থাপিত অভিযোগ সম্পর্কে গ্রহণ করা বেশকয়েকটি শুনানির শেষে আদালত সিঙ্গাপুরের কোস্ট গার্ডদের দেওয়া তথ্যকে সমর্থন করে তাঁর হত্যার অভিযোগ নাকচ করেছে । জলে থাকা ব্যক্তিরা জুবিন গর্গকে মৃত্যুর মুখে ঠেলে দেয়নি বলে আদালতের রায়ে উল্লেখ করা হয়েছে । উল্লেখ্য- গতবছরের ১৯শে সেপ্টেম্বর রহস্যজনক অবস্থায় আসামের প্রাণের শিল্পী জুবিন গর্গের সিঙ্গাপুরে মৃত্যয় হয় । এই ঘটনাকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা হত্যা বলে অভিহিত করার পাশাপাশি আসাম পুলিশের বিশেষ অনুসন্ধানকারী দল ঘটনাটির তদন্ত করে বারো হাজার পৃষ্ঠার অভিযোগনামা দাখিল করে । ইতিমধ্যে রাজ্যের একটি ফাস্টট্র্যাক আদালত এই ঘটনার তদন্ত আরম্ভ করেছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার অধীনে গ্যাস সিলিন্ডার বুকিংয়ের সময়সীমা ৪৫ দিন পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে বলে প্রচারিত খবরের সত্যতা অস্বীকার করেছে । সামাজিক মাধ্যমে প্রচারিত এই খবরকে ভূঁয়ো বলে অভিহিত করে কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয় বলেছে যে এক্ষেত্রে পূর্বের নিয়মের কোনো পরিবর্তন হয়নি । সবধরণের সংযোগের ক্ষেত্রেই একটি সিলিন্ডার লাভ করার পর পরবর্তী সিলিন্ডার

বুকিগয়ের জন্য আগের মতো শহরাঞ্চলের জন্য ২৫ দিন এবং গ্রামান্চলের জন্য ৪৫ দিনের সময়সীমার ব্যাবস্থা অব্যাহত থাকবে বলেও জানানো হয়েছে । দেশে পর্যাপ্ত পরিমাণ রান্নার গ্যাস মজুত রয়েছে বলে উল্লেক করে সরকার এসম্পর্কে কোনো ধরণের ভূঁয়ো খবর প্রচার না করতে এবং সিলিন্ডার বুকিং সম্পর্কে আতঙ্কিত না হবার আহ্বান জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

কোভিড মহামারীর পরবর্তী সময়ে দেশে নতুন করে প্রায় এক হাজার ২৪টি ট্রেন চলাচল আরম্ভ হয়েছে । রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ লোকসভায় এই তথ্য প্রকাশ করেছেন । সভার শূন্যকালে উত্থাপিত প্রশ্নের উত্তরে একথা প্রকাশ করে মন্ত্রী আরো বলেন যে- এই সময়ে পূর্বের থেকে চলতে থাকা ট্রেনসমূহে চার হাজার ৬৫১টি বগিও নতুন করে সংযোজন করা হয়েছে । রেলসেবাকে দেশের দুঃস্থ ও মধ্যবিত্ত শ্রেণীর জন্যে যাতায়াতের সহজ মাধ্যম বলে অভিহিত করে শ্রী বৈষ্ণৈ বলেন যে- এই শ্রেণীর লোকেদের জন্য সুষ্ঠু ও ব্যয়সাধ্য পরিবহণ সেবা প্রদানের প্রতি সরকার গুরুত্ব আরোপ করে আসছে । দেশে চলতে থাকা ট্রেনসমূহের মোট আসনের ৭৮ শতাংশই সাধারণ এবং স্লিপার শ্রেণীর অর্ন্তভুক্ত বলেও তিনি প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্য বিধানসভা নির্বাচনকে কেন্দ্র করে বিভিন্ন জেলা প্রশাসনের নির্বাচনী প্রশিক্ষণ কর্মসূচী অব্যাহত রয়েছে ।

হাইলাকান্দি জেলায় আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির অংশ হিসেবে আজ এস এস কলেজে এক দিনের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । এই কর্মশালায় প্রশাসনিক ও পুলিশ বিভাগের মোট ১৫৭ জন সেক্টর আধিকারিক অংশগ্রহণ করেছেন। এই কর্মশালায় ভোট গ্রহণের দিন মক পোল আরম্ভ করার পদ্ধতি , ভোট প্রক্রিয়ার বিভিন্ন ধাপ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ।

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে ই ভি এম এবং ভি ভি প্যাট সহায়ক কেন্দ্র আজ শিলচরে খোলা হয়েছে । এই কেন্দ্রটি প্রতি সোম থেকে শনিবার সকাল ১০টা থেকে বিকেল চারটা পর্যন্ত খোলা থাকবে ।

---------------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় যুব ভোটারদের মধ্যে ভোটদান সর্ম্পকে সচেতনতা গড়ে তুলতে সিস্টেমেটিক ভোটার এডুকেশন এন্ড ইলেকট্রাল পার্টিসিপেশন সেল থেকে ব্যাপক সচেতনতা অভিযান চলছে । এ উপলক্ষে আজ জেলা আয়ুক্তের কার্যালয় প্রাঙ্গণে

ধামাইল নৃত্য সহ প্লে কার্ড প্রর্দশন কর্মসূচী অনুষ্ঠিত হয় । এতে ফকিরাবাজারের এ কে আজাদ হাইস্কুলের ছাত্রীরা ধামাইল নৃত্য পরিবেশন করে । এদিকে জেলা আয়ুক্তের কার্যালয় সহ জেলার বিভিন্ন স্থানে ভোটারদের সচেতনতায় সেলফি পয়েন্ট স্থাপন করা হয়েছে । এতে জনগণকে সেলফি উঠে সামাজিক মাধ্যমে শেয়ার করতে জেলা প্রশাসন থেকে আহ্বান জানানো হয়েছে । সচেতনতা কার্যসূচীতে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী সহ অতিরিক্ত জেলা আয়ুক্ত মারিয়া তানিম , সহকারী আয়ুক্ত রাসিকা ইসলাম , সহকারী আয়ুক্ত বহ্নিকা চেতিয়া প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় বিধানসভা নির্বাচন স্বচ্ছ ও অবাধভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনের তৎপরতা ক্রমশ জোরদার হচ্ছে । স্ট্যাটিক সার্ভিলেন্স টিম ও ফ্লাইং স্কোয়াড টিমের ধারাবাহিক অভিযানে গতকাল পর্য্যন্ত ৯ লক্ষ ৮১ হাজার ৭শ টাকা জব্দ করা হয়েছে । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে নির্বাচনের দিন যত এগিয়ে আসবে , ততই নজরদারী আরো কড়া করা হচ্ছে । অবৈধ নগদ অর্থ , মদ , বেআইনী প্রচার সামগ্রী রুখতে অভিযান আরো সক্রিয় করা হবে ।

---------------------------------------------------------------------------------

-